অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে সর্বকালের সর্বোচ্চ পর্যায়ের পরিচ্ছন্ন শক্তি চাকরি ঘোষণা করলেন

জলবায়ু লক্ষ্য অর্জনে নিউ ইয়র্কের ত্বরান্বিত প্রয়াসের ফলে স্টেটব্যাপী সার্বিক চাকরির বিকাশের তুলনায় বেশি হারে পরিচ্ছন্ন শক্তি খাতে মানসম্পন্ন ক্যারিয়ারের সুযোগ বৃদ্ধি পাচ্ছে

সকল নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায্য ও সমতার স্থানান্তর নিশ্চিত করার জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের প্রতিশ্রুতির অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটে পরিচ্ছন্ন শক্তির চাকরি ধারণ করা ব্যক্তির সংখ্যা 2022 সালের শেষের দিকে রেকর্ড 171,000 কর্মী হয়েছে, যা সর্বকালের সর্বোচ্চ, এটি পরিচ্ছন্ন শক্তি খাতে মানসম্পন্ন ক্যারিয়ার সুযোগের প্রতিনিধিত্ব করে, যা জলবায়ু লক্ষ্য অর্জনে নিউ ইয়র্কের ত্বরান্বিত প্রয়াসের ফলে স্টেটব্যাপী সার্বিক চাকরির বিকাশের তুলনায় বেশি হারে বৃদ্ধি পাচ্ছে। আজকের ঘোষণাটি হলো সকল নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায্য ও সমতার স্থানান্তর নিশ্চিত করার জন্য স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) প্রতিশ্রুতির অনুবর্তী।

"এই বছর পরিচ্ছন্ন শক্তি শিল্পখাত প্রতিবেদনটি (Clean Energy Industry Report) আমাদের স্টেটের সমৃদ্ধশালী সবুজ অর্থনীতির জন্য একটি আশাপ্রদ চিত্র অংকন করে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহ কর্মীবাহিনী বিকাশের মাধ্যমে সাফল্যের টেকসই পথ গঠন করছে। পরিচ্ছন্ন শক্তি শিল্পখাতে আমরা যেই মানসম্পন্ন, পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি দেখছি তা প্রবৃদ্ধির সুযোগ প্রদান করছে, এবং একই সাথে নিউ ইয়র্কের কার্বন পদচিহ্নে একটি অর্থপূর্ণ, ইতিবাচক প্রভাব ফেলার সুযোগ প্রদান করছে।"

[নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA)] আজকে প্রকাশিত 2023 নিউ ইয়র্ক পরিচ্ছন্ন শক্তি শিল্পখাত প্রতিবেদনটি 2022 সালের শেষ পর্যন্ত স্টেটের পরিচ্ছন্ন শক্তি শিল্পখাতের ডেটা প্রদান করে। প্রতিবেদনটি প্রদর্শন করে যে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি 2021 থেকে 2022 পর্যন্ত 3.5 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা স্টেটব্যাপী অর্থনৈতিক প্রবৃদ্ধির তুলনায় 3 শতাংশ বেশি, এবং এটি 2015 সালে যখন NYSERDA প্রথম পরিচ্ছন্ন শক্তি চাকরির রেকর্ড রাখা শুরু করে তার পর থেকে প্রায় 30,000 চাকরি যোগ করেছে।

এই বছরের প্রতিবেদনে অন্যান্য মুখ্য ফলাফলের মধ্যে রয়েছে:

- নিউ ইয়র্কে 2022 সালের শেষে প্রায় 171,000 পরিচ্ছন্ন শক্তি কর্মী ছিলো, যা 2021 সালের তুলনায় 5,800টি বেশি চাকরি।
- প্রযুক্তির সকল খাতজুড়ে পরিচ্ছন্ন শক্তির চাকরি বৃদ্ধি পেয়েছে:
  - ভবন ডিকার্বোনাইজেশন এবং শক্তি দক্ষতা প্রায় 2,000 চাকরি যোগ করেছে এবং 2022 সালের সকল পরিচ্ছন্ন শক্তির চাকরির 75 শতাংশ এর মাধ্যমে হয়েছে।
  - পরিচ্ছন্ন ও বিকল্প পরিবহন অসাধারণ বিকাশ অব্যাহত রেখেছে, মাত্র বারো মাসে প্রায় 20 শতাংশ, বা 2,223টি চাকরি বৃদ্ধি পেয়েছে।
  - গ্রিড আধুনিকায়ন এবং শক্তি স্টোরেজে 10 শতাংশ বা 241টি চাকরি বৃদ্ধি পেয়েছে।
  - এছাড়াও নবায়নযোগ্য বিদ্যুৎ শক্তি উৎপাদনেও 5 শতাংশ বৃদ্ধি দেখা গেছে, অর্থাৎ 1,200 এর বেশি নতুন চাকরি তৈরি হয়েছে।
- নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি শিল্পখাত মানসম্পন্ন চাকরি প্রদান করছে।
  - বিদ্যমান পরিচ্ছন্ন শক্তি কর্মীদের জরিপ অনুযায়ী, 88 শতাংশ জরিপে অংশগ্রহণকারী তাদের ক্যারিয়ার নিয়ে সন্তুষ্ট থাকার কথা বলেছে।
  - বিদ্যমান কর্মীরা এছাড়াও পদোন্নতি, বেতন, অতিরিক্ত প্রশিক্ষণ এবং চাকরিতে উন্নতির সুযোগ নিয়ে উচ্চ সন্তোষ প্রকাশ করেছে, যা হলো বলীয়ান পরিচ্ছন্ন শক্তির ক্যারিয়ার বিকাশের সম্ভাবনার ইঙ্গিত।

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "পরিচ্ছন্ন শক্তির প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি রূপান্তরকারী অর্থনৈতিক লাভ নিয়ে আসে যার মধ্যে আছে পুরো স্টেটের হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য আকর্ষণীয়, ভালো বেতনের ক্যারিয়ার সুযোগ। এই বছরের প্রতিবেদনটি আমাদের জন্য তুলে ধরে যে স্টেটের স্থানান্তরে কর্মীবাহিনীর বিকাশকে সম্মুখসারিতে রাখা কতটা অত্যাবশ্যকীয়, এটি শুধু আজকের এবং আগামীর জন্য চাকরি তৈরি করে না, বরং আমাদের জলবায়ু আইনের লক্ষ্য অর্জনে স্টেটকে অগ্রসর করে রাখে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা, এবং কমিশনার হোপ নাইট বলেন, "নতুন প্রতিবেদনটি স্পষ্ট রূপরেখা প্রদান করে যে নিউ ইয়র্ক স্টেটের সবুজ অর্থনীতিকে সমর্থন করলে নতুন চাকরি ও সুযোগ তৈরি হয়। আমাদের কর্মীবাহিনীকে প্রশিক্ষণ প্রদান এবং পরিচ্ছন্ন শক্তি প্রযুক্তি ও সমাধানকেন্দ্রিক শিল্পখাত ও কোম্পানিতে বিনিয়োগ করার মাধ্যমে আমরা পরিবেশকে লাভবান করছি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি টেকসই ভবিষ্যৎ প্রদান করছি।"

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের (New York State Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "এই প্রতিবেদনের সর্বশেষ সংখ্যাসমূহ হলো আরো টেকসই, সমতার একটি ভবিষ্যৎ গঠনে নিউ ইয়র্ক স্টেটের অটুট প্রতিশ্রুতির প্রমাণস্বরূপ। পরিচ্ছন্ন শক্তি খাতে চাকরির সংখ্যা বৃদ্ধি শুধুই পরিসংখ্যান নয়; এটি জলবায়ু পরিবর্তনের মোকাবেলায় আমাদের মিশনের সত্যিকারের বাস্তব অগ্রগতির প্রতিনিধি। এছাড়াও তা নতুন সুযোগ যাতে সকল নিউ ইয়র্কবাসীর জন্য উপলভ্য হয় তা নিশ্চিত করতে আমাদের নিবেদনের প্রতিফলন করে এবং এইসব প্রয়াসে গভর্নর হোকলের টেকসই প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি।"

নিউ ইয়র্কের দক্ষ কর্মীর পাইপলাইনকে বলীয়ান করতে এবং একটি নিঃসরণমুক্ত গ্রিডে ন্যায্য ও সমতার স্থানান্তর নিশ্চিত করতে, NYSERDA কর্মীবাহিনী বিকাশ এবং প্রশিক্ষণ উদ্যোগের জন্য 170 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে। গুরুত্বপূর্ণভাবে, NYSERDA স্টেটের সর্বাধিক সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য প্রশিক্ষণ কর্মসূচিকে অগ্রাধিকার প্রদান করে, এবং তহবিলের আনুমানিক 40 শতাংশ এমন উদ্যোগে প্রদান করা হয় যা নিম্ন আয়ের ব্যক্তি, ভেটেরান, অক্ষম কর্মী, সিঙ্গেল প্যারেন্ট, পূর্বে কারাবন্দী থাকা ব্যক্তি, এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের ব্যক্তিদের সেবাদান করে থাকে। এই কর্মসূচিসমূহ এছাড়াও জীবাশ্ম জ্বালানির কর্মীদের পরিচ্ছন্ন শক্তি শিল্পখাতে সমন্বিত করতে সাহায্য করে। এছাড়াও K-12 স্কুলে ক্যারিয়ার সচেতনতা গঠন করতে এবং শিক্ষকদের পরিচ্ছন্ন শক্তি ক্যারিয়ার সুযোগের ব্যাপারে প্রশিক্ষণ প্রদান করতে NYSERDA একাধিক প্রয়াসের অর্থায়ন করছে।

NYSERDA এর প্রতিশ্রুতিসমূহের অংশ হিসেবে, এর কর্মীবাহিনী বিকাশ প্রয়াস এমন ক্যারিয়ার পথের কর্মসূচিকে সমর্থন করছে যা নতুন কর্মীদেরকে উচ্চ দক্ষতার হিটিং, ভেন্টিলেশন, এবং এয়ার কন্ডিশনিং (heating, ventilation, and air conditioning, HVAC), ভবনের বৈদ্যুতিকরণ, শক্তি দক্ষতা এবং অফশোর বায়ুর মতো পরিচ্ছন্ন শক্তি চাকরি পেতে সাহায্য করার জন্য শিক্ষা, প্রশিক্ষণ ও সেবা প্রদান করছে এবং একই সাথে পরিচ্ছন্ন শক্তির চাকরির জন্য বিদ্যমান কর্মীদের দক্ষতা বৃদ্ধি ও নবায়ন করে দিচ্ছে। শ্রম, কলেজ ও ইউনিভার্সিটি, অলাভজনক সংগঠন, প্রস্তুতকারক, বাণিজ্য সংস্থা ইত্যাদির সাথে গুরুত্বপূর্ণ অংশীদারিত্বের সমর্থনে NYSERDA ইতিমধ্যে আনুমানিক 80 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, যাতে শিক্ষা কোর্স, সনদ কর্মসূচি, ডিগ্রি কর্মসূচি, ইন্টার্নশিপ, শিক্ষানবিশি, এবং কাজে প্রশিক্ষণ অব্যাহত রাখার মাধ্যমে কর্মীদের পর্যাপ্ত প্রশিক্ষণ নিশ্চিত করা যায়। এই প্রয়াস 40,000 এর বেশি নিউ ইয়র্কবাসীকে ক্রমবর্ধমান পরিচ্ছন্ন শক্তি চাকরির সুযোগের জন্য প্রশিক্ষিত ও প্রস্তুত হতে সাহায্য করবে এবং পরিচ্ছন্ন শক্তি ব্যবসাসমূহকে কর্মী সন্ধান, নিয়োগ, ও প্রশিক্ষণ প্রদানে সাহায্য করবে। এখন পর্যন্ত, 32,000 এর বেশি নতুন ও বিদ্যমান কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বা হচ্ছে। NYSERDA কীভাবে একটি বলিষ্ঠ পরিচ্ছন্ন শক্তি কর্মীবাহিনী অগ্রসর করছে সে সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে NYSERDA এর ওয়েবসাইট দেখুন।

জনসচেতনতা বৃদ্ধির জন্য, NYSERDA এছাড়াও রোডট্রিপ নেশন: "এম্পাওয়ার্ড স্টেট" (Roadtrip Nation:" Empowered State") নির্মিত একটি নতুন তথ্যচিত্রের সিরিজকে সমর্থন করছে যা নিউ ইয়র্ক স্টেটের ব্যাপক পরিচ্ছন্ন শক্তি উদ্ভাবন এবং সবুজ চাকরির সুযোগকে প্রদর্শন করে, এটি ইতিমধ্যে চলমান আকর্ষণীয়, পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর এবং এর ফলে সৃষ্ট পরিচ্ছন্ন শক্তির অর্থপূর্ণ ক্যারিয়ার দেখার জন্য পুরো এম্পায়ার স্টেটে ভ্রমণ করা তিনজন

তরুণকে অনুসরণ করে। কীভাবে একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতির ফলে স্টেটব্যাপী নতুন অর্থনৈতিক বিকাশ সুযোগ তৈরি হয় এবং সকল খাতে তা দীর্ঘমেয়াদি চাকরির সমর্থন করে তা প্রদর্শনের মাধ্যমে সিরিজটি বিশেষ করে নিউ ইয়র্ক জলবায়ু আইনের লক্ষ্যের প্রভাবের উপর আলোকপাত করে।

স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি গঠন এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব সমাধান করার একটি মুখ্য বিষয় হলো আমাদের লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য দক্ষ কর্মীবাহিনী তৈরি করা।প্রতিবেদনটি পরিচ্ছন্ন শক্তি খাতে নতুন চাকরির সুযোগ তৈরিতে সাহায্য করার জন্য এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে নিউ ইয়র্কবাসীদের প্রশিক্ষিত করার এবং নতুন ক্যারিয়ারের পথ প্রদান করার CLCPA প্রতিশ্রুতি পূরণে আমাদের কাজ প্রদর্শন করে।"

স্টেট সিনেটর জেসিকা রামোস বলেন, "চাকরির এই সংখ্যা প্রদর্শন করে যে জলবায়ু চাকরিই আমাদের অর্থনীতির ভবিষ্যৎ। আমরা যাতে তরুণদের 21 শতকের জলবায়ু অর্থনীতির জন্য প্রস্তুত করা অব্যাহত রাখতে পারি তার জন্য প্রাক শিক্ষানবিশি ও শিক্ষানবিশি তহবিল নিশ্চিত করতে শ্রম কমিটির কাজ নিয়ে আমি গর্বিত। আসন্ন বাজেট চক্রে এই গতিবেগ ধরে রাখতে আমার সংকল্পকে এই সংখ্যাগুলি নিশ্চিত করছে," বলেন সিনেটর জেসিকা রামোস, সিনেট শ্রম কমিটির প্রধান।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 145টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 55 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত

ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন